

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৮.২০২১. ১৫৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব নূরা বিত্ত রাজ্জাক (১৮১৩৬১০৯০৪৯), প্রভাষক (ইংরেজি), সেনবাগ সরকারি কলেজ, সেনবাগ, নোয়াখালী গত ০৬/০১/২০২০ খ্রিস্টাব্দে হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও ৩(গ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয় এবং গত ২২/০২/২০২২ খ্রিস্টাব্দে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অসুস্থতাজনিত এবং পরবর্তীকালে মাতৃত্বজনিত কারণে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং করোনার বিধি নিষেধের কারণেও কিছুদিন অনুপস্থিত ছিলেন মর্মে প্রতীয়মান হয় এবং তিনি অনুপস্থিতকালীন ও মাতৃত্বকালীন ছুটির জন্য আবেদন করেননি;

সেহেতু, জনাব নূরা বিত্ত রাজ্জাক (১৮১৩৬১০৯০৪৯), প্রভাষক (ইংরেজি), সেনবাগ সরকারি কলেজ, সেনবাগ, নোয়াখালী-কে গত ০৬/০১/২০২০ খ্রি. হতে ৩১/০৮/২০২১ খ্রি. পর্যন্ত সর্বমোট ৬০০ (ছয়শত) দিন বিনা অনুমতিতে অনুপস্থিতকাল প্রাপ্যতা মোতাবেক ছুটির আবেদন পেশ করার জন্য নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-


তারিখ: ০৮/০৩/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৮.২০২১. ১৫৮ (৬)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব নূরা বিত্ত রাজ্জাক) এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ।
- ২। অধ্যক্ষ, সেনবাগ সরকারি কলেজ, সেনবাগ, নোয়াখালী।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৬। জনাব নূরা বিত্ত রাজ্জাক (১৮১৩৬১০৯০৪৯), প্রভাষক (ইংরেজি), সেনবাগ সরকারি কলেজ, সেনবাগ, নোয়াখালী।


(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪২৬৫